

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
৪৪১, তেজগাঁও, ঢাকা-১২০৮।

ই-মেইল- dgdncbd@gmail.com, Website : www.dnc.gov.bd

নম্বর-৪৪.০৪.০০০০.০০৬.১৮.৭৫০.১৩-

তারিখ: -----

অফিস আদেশ

জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়, কিশোরগঞ্জ এর ২৬/১১/২০১৭ তারিখের স্মারক নং-৪৪.০৪.৪৮০০.০৬৪.২৭. ০৩৭.১৭-৪৭৮(৫) মূলে জানা যায় যে, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের আওতাধীন ভৈরব সার্কেল অফিসে অবৈধ মাদকদ্রব্য মজুদের সংবাদ প্রাপ্তির প্রেক্ষিতে গত ২৫/১১/২০১৭ তারিখ কিশোরগঞ্জ জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়ের সহকারী পরিচালক, কিশোরগঞ্জ সার্কেলের পরিদর্শক ও উপ পরিদর্শক, ভৈরব সার্কেলের এএসআই ও ০৩ জন সিপাই এবং ভৈরব থানার উপ-পরিদর্শক ও ০৩ জন সিপাইগণের সমন্বয়ে একটি রেইডিং টিম গঠন করে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ভৈরব সার্কেল অফিস তদ্বাশী করে। তদ্বাশীকালে টিম অফিসের ভিতর রত্নাঘরের তাকের উপরে কেইস রেজিস্টারে অন্তর্ভুক্ত মামলার আলামতের অতিরিক্ত গাঁজা ৬৮(আটষট্টি) কেজি এবং পরিদর্শক জনাব কামনাশীষ সরকার এর নিকট থেকে আলমারির চাবি নিয়ে আলমারি খুলে ২৪(চব্বিশ) বোতল ফেলিডিল পায়। জনাব কামনাশীষ সরকার (পরিচিতি নম্বর- ২৩১৮৫) পরিদর্শক, নবাবগঞ্জ সার্কেল, জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়, ঢাকা (সংযুক্ত ৪ ভৈরব সার্কেল, জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়, কিশোরগঞ্জ) বর্ণিত অতিরিক্ত আলামতের বিষয়ে মামলা দায়ের কিংবা জন্ম তালিকা দেখাতে ব্যর্থ হন। পরবর্তীতে গঠিত রেইডিং টিম তাকে স্বেচ্ছতার করে ভৈরব থানায় একটি নিয়মিত মামলা দায়ের করে, যার মামলা নং-৪৪, তারিখঃ ২৫/১১/২০১৭। এমতাবস্থায় বি এস আর পাট-১ এর বিধি ৭৩ মোতাবেক পরিদর্শক জনাব কামনাশীষ সরকারকে স্বেচ্ছতারের তারিখ অর্থাৎ ২৫ নভেম্বর, ২০১৭ থেকে সরকারী চাকুরী হতে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

০২। সাময়িকভাবে বরখাস্তকালীন সময়ে তিনি বিধি মোতাবেক খোরাকী ভাতা প্রাপ্য হবেন।

০৩। এ আদেশ তার চাকুরী বহিতে লিপিবদ্ধ করতে হবে।

স্বাক্ষর -

(সঞ্জয় কুমার চৌধুরী)
মহাপরিচালক(কস্টিন দায়িত্ব)
ফোন : ৮৮৭০০১১।

তারিখ: ২৫/১১/১৭

নম্বর-৪৪.০৪.০০০০.০০৬.১৮.০৬২.০৪-

৫৬৪৫(২০)

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

১. সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. অতিরিক্ত মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
৩. পরিচালক (প্রশাসন/অপারেশনস/নিরোধ শিক্ষা/চিকিৎসা ও পুনর্বাসন), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
৪. অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়, ঢাকা/ চট্টগ্রাম/ রাজশাহী/ খুলনা/ বরিশাল/ সিলেট/ গোয়েন্দা শাখা, ঢাকা।
৫. সিস্টেম এনালিস্ট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, কম্পিউটার সেল, প্রধান কার্যালয়, ঢাকা।
৬. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
৭. উপ পরিচালক, জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়, ঢাকা।
৮. সহকারী পরিচালক (অর্থ ও হিসাব), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
৯. সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়, কিশোরগঞ্জ। উল্লেখিত আদেশটি যথাযথভাবে প্রতিপালনের জন্য অনুরোধ করা হলো।
১০. জনাব কামনাশীষ সরকার(পরিচিতি নং- ২৩১৮৫), পরিদর্শক, নবাবগঞ্জ সার্কেল, জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়, ঢাকা (সংযুক্ত ৪ ভৈরব সার্কেল, জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়, কিশোরগঞ্জ)।
১১. অফিস কপি/গার্ড ফাইল/ব্যক্তিগত নথি।

স্বাক্ষর
২৫/১১/১৭
(মোঃ মেহেদী হাসান)

সহকারী পরিচালক(প্রশাসন)
মোবাইল : ০১৬৭৫-৫১৪৫০১।